

সংবাদ বিজ্ঞপ্তি**নোবিপ্রবিতে বি ইউনিটের গুচ্ছ ভর্তি পরীক্ষা সম্পন্ন**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির বি ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার (৩ মে ২০২৪) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবির বিভিন্ন কেন্দ্রে সকাল ১১টা থেকে বেলা ১২টা পর্যন্ত ওই পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ বি ইউনিটের ১৭৮২ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১৫৯৩ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৮৯.৩৯ শতাংশ।

পরীক্ষা চলাকালীন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম কেন্দ্রসমূহ ঘুরে দেখেন। এ সময় নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, শিক্ষক সমিতির সভাপতি এবং পরীক্ষা পরিচালনা ও আসন বিন্যাস উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও নোবিপ্রবি প্রক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, রেজিস্ট্রার ও ভর্তি কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ জসীম উদ্দিন, শৃঙ্খলা ও ভিজিটর কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমানসহ বিভিন্ন অনুষদের ডিনবন্দ, দপ্তর প্রধানবন্দ, শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশনের নেতৃবন্দ, পরীক্ষা পরিচালনা কমিটি ও বিভিন্ন উপ-কমিটির সদস্যবন্দ উপস্থিত ছিলেন।

কেন্দ্র পরিদর্শন শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম সাংবাদিকদের বলেন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত সুষ্ঠু ও সুন্দর পরিবেশে বি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সারাদেশের মতো নোয়াখালীতেও তীব্র তাপদাহ অনুভূত হচ্ছে। বিষয়টি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীরা যাতে স্বাচ্ছন্দ্যে পরীক্ষায় অংশ নিতে পারে, সেজন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎসেবা নিশ্চিত করা হয়েছে। পাশাপাশি শিক্ষার্থী ও অভিভাবকদের যাতায়াত নির্বিঘ্ন করতে পর্যাপ্ত পরিবহন সেবা প্রদান করা হয়েছে।

এ সময় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম তথ্য সেবা ও মেডিকেল টিমের সদস্যবন্দসহ ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সদস্যবন্দ, নোবিপ্রবির শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সকলকে ধন্যবাদ জানান। পাশাপাশি নোয়াখালী জেলা প্রশাসন, নোয়াখালী পৌরসভা, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যবন্দ, স্থানীয় পুলিশ ও গোয়েন্দা সংস্থা, সাংবাদিকবন্দসহ ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

প্রসঙ্গত, আগামী ১০ মে ২০২৪ তারিখে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**ইফতেখার হোসাইন**

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৭৩৩৯৯৮৮৯৪